গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৫ - জুন ৩০, ২০১৬

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৫

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৯

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

মুক্তিযুদ্ধের চেতনা ও মর্যাদা সমুন্নত রাখা এবং সর্বোপরি জাতির শ্রেষ্ঠ সন্তান মুক্তিযোদ্ধাদের প্রাপ্য সম্মান ও বিভিন্ন সুযোগ-সুবিধা প্রদান করার মহান দায়িত্ব মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের উপর অর্পিত। মুক্তিযোদ্ধা রাষ্ট্রীয় সম্মানী ভাতাভোগীর সংখ্যা গত ৩ বৎসরে এক লক্ষ থেকে দুই লক্ষ জনে উন্নীত এবং রাষ্ট্রীয় সম্মানী ভাতার পরিমান ৯০০/- টাকা থেকে বৃদ্ধি করে ৫,০০০/- টাকা করা হয়েছে। যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের ভাতা সর্বোচ্চ ৩০,০০০/- টাকা ও ন্যূনতম ৯,৭০০/- টাকা নির্ধারন করা হয়েছে। শহীদ ও মৃত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা পরিবারের রাষ্ট্রীয় সম্মানী ভাতার পরিমান বৃদ্ধি করে ১৫,০০০/- টাকা করা হয়েছে।৬৭৬ জন খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাকে খেতাব অনুসারে রাষ্ট্রীয় সম্মানী ভাতা প্রদান করা হচ্ছে। মুক্তিযোদ্ধাদের পুনর্বাসন ও আত্মকর্মসংস্থানের উদ্দেশ্যে ৩৭.৫০ কোটি টাকার ঘূর্ণায়মান তহবিল থেকে গত ৩ বৎসরে ৭৫,০০০ জন মুক্তিযোদ্ধা ও তাঁদের পোষ্যদের প্রশিক্ষণ শেষে ২৭,০০০ জনকে ঋণ প্রদান করা হয়েছে। মুক্তিযুদ্ধে অবিস্মরণীয় অবদানের জন্য গত ৩ বৎসরে ৩৩৮ জন বিদেশী ব্যাক্তি ও সংগঠনকে "বাংলাদেশ স্বাধীনতা সম্মাননা" ও "বাংলাদেশ মুক্তিযুদ্ধ সম্মাননা" প্রদান করা হয়েছে।মুক্তিযোদ্ধাদের কল্যাণের জন্য জেলা ও উপজেলায় গত ৩ বৎসরে ৯৬ টি কমপ্লেক্স নির্মাণসহ ভূমিহীন ও অসচ্ছল মুক্তিযোদ্ধাদের জন্য সারাদেশে ১০০৫ টি বাসস্থান নির্মাণ করা হয়েছে এবং যুদ্ধাহত মুক্তিযোদ্ধা পরিবারকে পুনর্বাসন করার লক্ষ্যে ঢাকায় বহুতল বিশিষ্ট ১টি বাণিজ্যিক কাম আবাসিক ভবন নির্মাণ করা হয়েছে। মুক্তিযুদ্ধের দলিল ও ইতিহাসভিত্তিক গ্রন্থ "সংগ্রাম থেকে স্বাধীনতা" প্রকাশ করা হয়েছে। ঢাকাস্থ সোহরাওয়ার্দী উদ্যানে স্বাধীনতা স্তম্ভ নির্মাণসহ ভূ-গর্ভস্থ স্বাধীনতা জাদুঘর নির্মাণ করা হয়েছে। ঢাকার আগারগাঁও-এ পূর্ণাঙ্গ মুক্তিযুদ্ধ জাদুঘরের স্থায়ীভবন নির্মাণ করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জ সমূহ:**

মুক্তিযোদ্ধাদের সঠিক ও নির্ভুল তালিকা প্রণীত না হওয়ায় সনদ প্রদানে ও প্রত্যয়ন পত্র ইস্যুতে সৃষ্ট জটিলতা এবং মামলা সংক্রান্ত জটিলতা নিরসন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রধান চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

মুক্তিবার্তা,বামুস সনদ ও ভারতীয় তালিকার ভিত্তিতে ঘোষিত মুক্তিযোদ্ধাদের নাম পর্যায়ক্রমে গেজেটে প্রকাশ ; দেশের বিভিন্ন গ্রন্থাগার ও জাদুঘরে "বঙ্গবন্ধু কর্ণার" স্থাপন ; পর্যায়ক্রমে সকল মুক্তিযোদ্ধাকে চিকিৎসা সুবিধাসহ সকল অসচ্ছল মুক্তিযোদ্ধাকে বাসস্থান সুবিধার আওতায় আনা ও শেয়ারিং পদ্ধতিতে শিক্ষাপ্রতিষ্ঠানসহ বাণিজ্যিক/আবাসিক ভবন নির্মাণ ; সকল জেলা ও উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনসমূহ পর্যায়ক্রমে ০৩ তলা হতে ০৫ তলা পর্যন্ত সম্প্রসারণ।

**২০১৫-১৬ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ২.০০ লক্ষ মুক্তিযোদ্ধা ও তাঁদের উত্তরাধিকারীদের সম্মানী ভাতা প্রদান;
- ৬৮৩৬ জন যুদ্ধাহত ও খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা প্রদান ;
- ২১৪৫৫ জন যুদ্ধাহত ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের রেশন ও ২১২২৯ জন যুদ্ধাহত মুক্তিযোদ্ধাকে চিকিৎসা সুবিধা প্রদান;
- ৫৭০ জন মুক্তিযোদ্ধাদের নাম গেজেটে প্রকাশ এবং তাঁদের অনুকূলে সনদপত্র ও প্রত্যয়ন প্রদান;
- সকল বীরাঙ্গনাদের নাম পর্যাক্রমে গেজেটে প্রকাশ;
- ভূমিহীন ও অসচ্ছল মুক্তিযোদ্ধাদের জন্য ৯০০টি বাসস্থান নির্মাণ;
- মুক্তিযুদ্ধের অসমাপ্ত স্মৃতিস্তম্ভ / স্মৃতিসৌধসহ জেলা ও উপজেলা কমপ্লেক্স নির্মাণ সমাপ্তকরণ;
- বামুস সনদের ভিত্তিতে ঘোষিত মুক্তিযোদ্ধাদের নাম ডাটাবেইজকরণ।

## উপক্রমণিকা (Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৫ সালের অক্টোবর মাসের ১১ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

মহান মুক্তিযুদ্ধের আদর্শ ও চেতনাকে সমুন্নত রাখা এবং মুক্তিযোদ্ধাদের সার্বিক কল্যাণ ।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

মুক্তিযোদ্ধাদের অধিকার সংক্রান্ত বিধিমালা ও নীতিমালা প্রণয়ন এবং মুক্তিযুদ্ধের ইতিহাস ও স্মৃতি সংরক্ষণের মাধ্যমে মুক্তিযোদ্ধাদের সার্বিক কল্যাণ সাধন এবং মহান মুক্তিযুদ্ধের আদর্শ ও চেতনাকে রাষ্ট্রীয় ও জাতীয় জীবনে সুপ্রতিষ্ঠিত করা।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. মুক্তিযোদ্ধাদের সার্বিক কল্যাণ;
২. মহান মুক্তিযুদ্ধের ইতিহাস ও স্মৃতি সংরক্ষণ;
৩. বর্তমান ও ভবিষ্যত প্রজন্মের মধ্যে মুক্তিযুদ্ধের আদর্শ ও চেতনার জাগরণ এবং দেশাত্ববোধ শক্তিশালীকরণ।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. মুক্তিযোদ্ধাদের তালিকা প্রণয়ন,গেজেট প্রকাশ ও ঘোষিত তালিকা সংরক্ষণ করা;
২. মুক্তিযোদ্ধাদের অধিকার ও বিভিন্ন সুযোগ-সুবিধা সংক্রান্ত বিধিমালা ও নীতিমালা প্রণয়ন করা;
৩. মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা প্রদান করা;
৪. স্বাধীনতাযুদ্ধের ইতিহাস সংরক্ষণের জন্য নীতি প্রণয়ন ও যুদ্ধের দলিলাদি সংরক্ষণ করা;
৫. মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস বর্তমান ও ভবিষ্যত প্রজন্মের নিকট তুলে ধরা;
৬. মুক্তিযোদ্ধাদের কল্যাণে বিভিন্ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন;
৭. সরকারি ,স্বায়ত্বশাসিত এবং আধা-স্বায়ত্বশাসিত সংস্থায় মুক্তিযোদ্ধা তাঁদের সন্তান-সন্ততিদের চাকুরির কোটা সংরক্ষণ পরিবীক্ষণ করা;
৮. স্বাধীনতাযুদ্ধের স্মৃতিস্তম্ভ নির্মাণ,মুক্তিযুদ্ধের বধ্যভূমি/গণকবর,সন্মুখ সমরের স্থানসমূহ সংরক্ষণ ও রক্ষণাবেক্ষনের জন্য প্রকল্প গ্রহণ এবং বাস্তবায়ন করা;
৯. যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস,শহিদ বুদ্ধিজীবী দিবস এবং মুজিবনগর দিবস পালন করা।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা ২০১৫-২০১৬ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮ | | |
| মুক্তিযোদ্ধা ও তাঁদের পরিবারের আর্থ-সামাজিক অবস্থা উন্নীত (দারিদ্র্য নিরসনের উপর প্রভাব) | সুবিধাপ্রাপ্ত মুক্তিযোদ্ধা,যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ও তাঁদের পরিবারের সদস্য এবং শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্য । | টিবিডি | টিবিডি | টিবিডি | টিবিডি | টিবিডি | টিবিডি | সমাজ কল্যাণ মন্ত্রণালয়, গনপূর্ত অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, জেলা প্রশাসন , উপজেলা প্রশাসন,বাংলাদেশ গভর্ণমেন্ট প্রেস ও মন্ত্রিপরিষদ বিভাগ। | - |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [১] মুক্তিযোদ্ধাদের সার্বিক কল্যাণ; | ৪৩ | [১.১] মুক্তিযোদ্ধা ও তাঁদের উত্তরাধিকারীদের সম্মানী ভাতা প্রদান | [১.১.১] সুবিধাপ্রাপ্ত ব্যক্তি | সংখ্যা (লক্ষ) | ৫.০০ | ১.৯৯ | ১.৮০ | ২.০০ | ১.৯৫ | ১.৯০ | ১.৮৫ | ১.৮০ | ২.০০ | ২.০০ |
| | | [১.২] যুদ্ধাহত,খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের রাষ্ট্রীয় সম্মানী ভাতা প্রদান। | [১.২.১] সুবিধাপ্রাপ্ত যুদ্ধাহত ও খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা | সংখ্যা | ৪.০০ | ৭১২৯ | ৭০৫৩ | ৬৮৩৬ | ৬৭০০ | ৬৬০০ | ০০ | ০০ | ৬৮৩৬ | ৬৮৩৬ |
| | | [১.৩] যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের রেশন সুবিধা প্রদান। | [১.৩.১] সুবিধাপ্রাপ্ত ব্যক্তি | সংখ্যা | ৪.০০ | ২১৪০৫ | ২১৪৫৫ | ২১৪৫৫ | ২১৪৩৫ | ২১৪২৫ | ০০ | ০০ | ২১৪৫৫ | ২১৪৫৫ |
| | | [১.৪] যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সুবিধা প্রদান। | [১.৪.১] সুবিধাপ্রাপ্ত ব্যক্তি | সংখ্যা | ২.০০ | ১৯৭ | ২০৭ | ২১২ | ২১০ | ২০৯ | ২০৮ | ২০৭ | ২১২ | ২১২ |
| | | [১.৫] মুক্তিযোদ্ধা ও তঁদের সন্তান-সন্ততিদের ক্ষুদ্রঋণ প্রদান। | [১.৫.১] সুবিধাপ্রাপ্ত ব্যক্তি | সংখ্যা | ৪.০০ | ১৬০০ | ২৪৪৮ | ২৫০০ | ২৪৯০ | ২৪৭০ | ২৪৫৫ | ২৪৪৮ | ২৬০০ | ২৭০০ |
| | | [১.৬] ভূমিহীন ও অসচ্ছল মুক্তিযোদ্ধাদের জন্য বাসস্থান নির্মাণ। | [১.৬.১] নির্মিত বাসস্থান | সংখ্যা | ৫.০০ | ২০৫ | ৮০০ | ৯০০ | ৮৫০ | ৮২০ | ৮১০ | ৮০০ | ১০০০ | ০০ |
| | | [১.৭] মুক্তিযোদ্ধা কমপ্লেক্স নির্মাণ। | [১.৭.১] নির্মিত উপজেলা কমপ্লেক্স | সংখ্যা | ৩.০০ | ১১ | ৫১ | ১০০ | ৯০ | ৭০ | ৬০ | ৫১ | ১০০ | ০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [১.৭] মুক্তিযোদ্ধা কমপ্লেক্স নির্মাণ। | [১.৭.২] নির্মিত জেলা কমপ্লেক্স | সংখ্যা | ২.০০ | ১০ | ২৫ | ২৫ | ২২ | ২০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| | | [১.৮] মুক্তিযোদ্ধাদের গেজেট প্রকাশ | [১.৮.১] প্রকাশিত গেজেট | সংখ্যা | ২.০০ | ০০ | ৫৭০ | ৬০০ | ৫৯০ | ৫৮০ | ৫৭৫ | ৫৭০ | ৬৫০ | ৭০০ |
| | | [১.৯] মুক্তিযোদ্ধাদের সনদ ও প্রত্যয়ন সংক্রান্ত আবেদন নিস্পত্তিকরণ | [১.৯.১] সনদ প্রত্যয়নের আবেদন নিস্পত্তি | সংখ্যা | ২.০০ | ০০ | ২১৫৭ | ২২০০ | ২১৮০ | ২১৭০ | ২১৬০ | ২১৫৭ | ২২৫০ | ২৩০০ |
| | | | [১.৯.২] সনদ প্রদানের আবেদন নিস্পত্তি | সংখ্যা | ২.০০ | ০০ | ২৪৮৭ | ৪৮০ | ৪৪০ | ০০ | ০০ | ০০ | ৫০০ | ৫০০ |
| | | [১.১০] বঙ্গবন্ধু শিক্ষাবৃত্তি প্রদান | [১.১০.১] বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী | সংখ্যা | ৩.০০ | ০০ | ৯৮১ | ১৭৫০ | ১৭০০ | ১৬৫০ | ১৬০০ | ১৫০০ | ২৩৫০ | ২৯৫০ |
| | | [১.১১] বামুস সনদের ভিত্তিতে ঘোষিত মুক্তিযোদ্ধাদের নাম ডাটাবেইজকরণ; | [১.১১.১] ডাটাবেইজকৃত মুক্তিযোদ্ধা | সংখ্যা | ৩.০০ | ০০ | ০০ | ৪০০০০ | ৩৮০০০ | ৩৫০০০ | ৩২০০০ | ৩০০০০ | ০০ | ০০ |
| | | [১.১২] যুদ্ধাহতমুক্তিযোদ্ধাদের স্মার্ট আইডি কার্ড প্রদান | [১.১২.১] প্রদানকৃত আইডি কার্ড | সংখ্যা | ২.০০ | ১৬৩ | ১৩৭ | ২০০ | ১৮০ | ১৫০ | ১৪০ | ১৩৭ | ২৫০ | ৩০০ |
| [২] মহান মুক্তিযুদ্ধের ইতিহাস ও স্মৃতি সংরক্ষণ; | ২৩ | [২.১] মুক্তিযুদ্ধের স্মৃতি / স্মারক চিহ্ন জাদুঘরে প্রদর্শন ও মুক্তিযুদ্ধের ইতিহাস অবহিতকরণ | [২.১.১] জাদুঘর পরিদর্শিত ব্যক্তি | সংখ্যা | ৮.০০ | ১৮০০০ | ২৬৪০৪ | ২৮০০০ | ২৭৮০০ | ২৭৫০০ | ২৭০০০ | ২৬৫০০ | ২৯০০০ | ৩০০০০ |
| | | | [২.১.২] নির্মিত ডকুমেন্টারি ফিল্ম | সংখ্যা | ৩.০০ | ০০ | ০৩ | ০৩ | ০২ | ০১ | ০০ | ০০ | ০৩ | ০৩ |
| | | [২.২] মুক্তিযুদ্ধের স্মৃতি চিহ্ন প্রদর্শন ও মুক্তিযুদ্ধের ইতিহাস অবহিতকরণ | [২.২.১] জল্লাদখানা বধ্যভূমি স্মৃতিপীঠ পরিদর্শিত ব্যক্তি | সংখ্যা | ৭.০০ | ০০ | ২০০০০ | ৩০০০০ | ২৫০০০ | ২২০০০ | ২১০০০ | ২০০০০ | ৩২০০০ | ৩৫০০০ |
| | | [২.৩] মুক্তিযুদ্ধের স্মৃতিস্তম্ভ নির্মাণ | [২.৩.১] নির্মিত স্মৃতিস্তম্ভ | সংখ্যা | ৫.০০ | ১৪ | ২৮ | ০৬ | ০৪ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৩] বর্তমান ও ভবিষ্যত প্রজন্মের মধ্যে মুক্তিযুদ্ধের আদর্শ ও চেতনার জাগরণ এবং দেশাত্ববোধ শক্তিশালীকরণ। | ১৭ | [৩.১] নতুন প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধের ইতিহাস তুলে ধরার জন্য মুক্তিযুদ্ধ ভিত্তিক ডকুমেন্টরি ফিল্ম প্রদর্শনী। | [৩.১.১] প্রামান্যচিত্র প্রদর্শনী | সংখ্যা | ৫.০০ | ০০ | ১২০০০০ | ১২১০০০ | ১২০৫০০ | ১২০৪০০ | ১২০৩০০ | ১২০০০০ | ১২২০০০ | ১২৩০০০ |
| | | | [৩.১.২] ভ্রাম্যমান জাদুঘর প্রদর্শনী | সংখ্যা | ৪.০০ | ০০ | ১২০০০০ | ১২১০০০ | ১২০৫০০ | ১২০৪০০ | ১২০৩০০ | ১২০০০০ | ১২২০০০ | ১২৩০০০ |
| | | [৩.২] নতুন প্রজন্মের জন্য মুক্তির উৎসবের আয়োজন | [৩.২.১] অংশগ্রহণকারী শিক্ষার্থী | সংখ্যা | ৩.০০ | ৭০০০ | ৮০০০ | ৯০০০০ | ৮৫০০ | ৮৪০০ | ৮২০০ | ৮০০০ | ৯৫০০ | ১০০০০ |
| | | [৩.৩] জেলা ও বিভাগীয় শিক্ষক সম্মেলন আয়োজন | [৩.৩.১] অংশগ্রহণকারী | সংখ্যা | ২.০০ | ০০ | ১৬০ | ১৬২ | ১৬১ | | | | ১৬৩ | ১৬৫ |
| | | [৩.৪] জাতীয় ও আর্ন্তজাতিক সেমিনার/ ওয়ার্কসপ আয়োজন | [৩.৪.১] অংশগ্রহণকারী | সংখ্যা | ২.০০ | ০০ | ৮০ | ১০০ | ৯০ | ৮৫ | ৮২ | ৮০ | ১২০ | ১৩০ |
| | | [৩.৫] মুক্তিযুদ্ধভিত্তিক সংগঠনসমূহের নিবন্ধন ও পরিবীক্ষণ | [৩.৫.১] নিবন্ধিত ও পরিবীক্ষিত সংগঠন | সংখ্যা | ১.০০ | ১০ | ৩৩ | ২০ | ১৫ | ১০ | | | ৩০ | ৩০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপণ ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৫ | [১.১] খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] প্রশিক্ষণ সমাপ্তির পর নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | দিন | ১.০০ | | | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | | |
| | | [১.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৮-২০১৫ | ০১-০৯-২০১৫ | ০২-০৯-২০১৫ | ০৩-০৯-২০১৫ | ০৪-০৯-২০১৫ | | |
| | | [১.৩] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] দাখিলকৃত অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | | | | |
| | | [১.৪] আওতাধীন সংস্থার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর | [১.৪.১] সমঝোতা স্মারক স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৫ | ১৯-১০-২০১৫ | ২২-১০-২০১৫ | ২৬-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | | |
| | | [১.৫] বার্ষিক কর্মসম্পাদন-এর সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৫.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] পরিবর্তিত ফরম্যাটে সিটিজেন্স চার্টার প্রণয়ন | [২.১.১] পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগের সিটিজেন্স চার্টার ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | | [২.১.২] অধিদপ্তর/সংস্থার সিটিজেন্স চার্টার প্রণীত ও প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | [২.২] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.২.১] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে সেবা প্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.১.১] শুদ্ধাচার বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো (monitoring framework) প্রণীত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [৩.১.২] জুন/২০১৬ এর মধ্যে শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়িত কার্যক্রম | % | ১.০০ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.২] কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | [৩.২.১] প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৪] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | [৪.১] তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়ন | [৪.১.১] তথ্য প্রকাশ নির্দেশিকা ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.২] আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | [৪.২.১] আওতাধীন সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সঙ্কলন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | [৪.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ১৫-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | ১৫-১১-২০১৫ | ৩০-১১-২০১৫ | ১৫-১২-২০১৫ | | |
| [৫] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | [৫.১] বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ | [৫.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | | |
| | | [৫.২] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৫.২.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

এম এ হান্নান
সচিব
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১১.১০.২০১৫

সচিব
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

তারিখ

১১/১০/২০১৫

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

তারিখ

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | মুবিম | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় |
| ২ | সকম | সমাজ কল্যাণ মন্ত্রণালয় |
| ৩ | জামুকা | জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল |
| ৪ | বামুকট্রা | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট |
| ৫ | মুজাঘ | মুক্তিযুদ্ধ জাদুঘর |
| ৬ | জেপ্র | জেলা প্রশাসন |
| ৭ | উজেপ্র | উপজেলা প্রশাসন |
| ৮ | বামুস | বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ |
| ৯ | বিআরডিবি | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড) |
| ১০ | পিডব্লিউডি | গণপূর্ত বিভাগ (পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট) |
| ১১ | এমটিবিএফ | মধ্যমেয়াদি বাজেট কাঠামো (মিডেল টার্ম বাজেটারী ফ্রেমওয়ার্ক) |
| ১২ | টিবিডি | টু বি ডেভোলপট্ |
| ১৩ | এলজিইডি | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ (লোকাল গভর্মেন্ট ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট) |
| ১৪ | ডিপিপি | উন্নয়ন প্রকল্প ছক / প্রস্তাব (ডেভেলপমেন্ট প্রজেক্ট প্রপোজাল) |
| ১৫ | পিপিও | পেনশনার'স পেমেন্ট অর্ডার |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.১] মুক্তিযোদ্ধা ও তাঁদের উত্তরাধিকারীদের সম্মানী ভাতা প্রদান | [১.১.১] সুবিধাপ্রাপ্ত ব্যক্তি | বীর মুক্তিযোদ্ধাদের সম্মানীভাতা বিতরন নীতিমালা ,২০১৩ অনুযায়ী উপজেলা,পৌরসভা ও সিটিকর্পোরেশন এলাকায় সম্মানীভাতা পাওয়ার যোগ্য সকল মুক্তিযোদ্ধাদের বাজেটে বরাদ্দকৃত অর্থ হতে সংশ্লিষ্ট জেলা ও উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তার অফিসের মাধ্যমে পেনশনারদের পিপিও-এর ন্যায় সম্মানীভাতা পরিশোধ করা হয়ে থাকে।মুক্তিযোদ্ধা রাষ্ট্রীয় সম্মানীভাতা ভোগীর সংখ্যা এক লক্ষ হতে দুই লক্ষ জনে উন্নীত করা হয়েছে এবং জনপ্রতি মাসিক ৫০০০/- টাকা হারে মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা প্রদান করা হচ্ছে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও জেলা প্রশাসন | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.২] যুদ্ধাহত,খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের রাষ্ট্রীয় সম্মানী ভাতা প্রদান। | [১.২.১] সুবিধাপ্রাপ্ত যুদ্ধাহত ও খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা | শারিরীক অসামর্থ্য অনুযায়ী ০৪টি ক্যাটাগরিতে ৬৮৩৬ জন যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সর্বোচ্চ ৩০,০০০/- টাকা ও নূন্যতম ৯,৭০০/- টাকা হারে রাষ্ট্রীয় সম্মানী ভাতা প্রদান করা হচ্ছে। এছাড়া শহীদ ও মৃত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা পরিবারের রাষ্ট্রীয় সম্মানী ভাতার পরিমান বৃদ্ধি করে ১৫,০০০/- টাকা করা হয়েছে। এছাড়াও ৬৭৬ জন খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাকে " খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাদের সম্মানীভাতা প্রদান নীতিমালা,২০১৩" অনুসারে রাষ্ট্রীয় সম্মানী ভাতা প্রদান করা হচ্ছে । | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৩] যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের রেশন সুবিধা প্রদান। | [১.৩.১] সুবিধাপ্রাপ্ত ব্যক্তি | বাংলাদেশ মুক্তিযেদ্ধা কল্যাণ ট্রাস্ট যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং তাঁদের পরিবারের সদস্যদের নামে রেশন কার্ড ইস্যু করে থাকে। এ কার্ড প্রদর্শন করে প্রতিমাসে দেশের সকল পুলিশ লাইন থেকে কার্ডধারী যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং তাঁদের পরিবারের সদস্যগন রেশন সামগ্রী গ্রহন করে থাকে। যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং তাঁদের পরিবারের সদস্যদের মধ্যে ২১,৪৫৫ জনকে রেশন সুবিধা প্রদান করা হয়েছে । | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৪] যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সুবিধা প্রদান। | [১.৪.১] সুবিধাপ্রাপ্ত ব্যক্তি | যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের মধ্যে ২০৭ জন যুদ্ধাহত মুক্তিযোদ্ধাকে দেশে-বিদেশে চিকিৎসা সুবিধা প্রদান করা হয়েছে ।২০১৫-১৬ অর্থ বৎসরে ২১২ জন যুদ্ধাহত মুক্তিযোদ্ধাকে চিকিৎসা সুবিধা প্রদান করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৫] মুক্তিযোদ্ধা ও তঁদের সন্তান-সন্ততিদের ক্ষুদ্রঋণ প্রদান। | [১.৫.১] সুবিধাপ্রাপ্ত ব্যক্তি | মুক্তিযোদ্ধা ও তাদের সন্তান-সন্ততিদের আত্ম-কর্মসংস্থানের উদ্দেশ্যে ৩৭.৫০ কোটি টাকার ঘূর্ণায়মান তহবিল থেকে বিগত ৩ বৎসরে ৭৫,০০০ জন মুক্তিযোদ্ধা ও তাঁদের পোষ্যদের প্রশিক্ষণ শেষে ২৭,০০০ জনকে ঋণ প্রদান করা হয়েছে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৬] ভূমিহীন ও অসচ্ছল মুক্তিযোদ্ধাদের জন্য বাসস্থান নির্মাণ। | [১.৬.১] নির্মিত বাসস্থান | ভূমিহীন ও অসচ্ছল মুক্তিযোদ্ধার জন্য তাঁদের নিজস্ব জমিতে এক ইউনিট বিশিষ্ট ১০০৫ টি আবাসিক ভবন নির্মাণ করা হয়েছে । ২০১৫-১৬ অর্থ বৎসরে আরো ৯০০টি বাসস্থান নির্মাণ করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.৭] মুক্তিযোদ্ধা কমপ্লেক্স নির্মাণ। | [১.৭.১] নির্মিত উপজেলা কমপ্লেক্স | মুক্তিযোদ্ধাদের কল্যাণের জন্য গত ২ বৎসরে ৬২ টি উপজেলা কমপ্লেক্স নির্মাণ করা হয়েছে। ২০১৫-১৬ অর্থ বৎসরে আরো ১০০টি উপজেলা কমপ্লেক্স নির্মাণ করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| | [১.৭.২] নির্মিত জেলা কমপ্লেক্স | মুক্তিযোদ্ধাদের কল্যাণের জন্য জেলা পর্যায়ে গত ২ বৎসরে ৩৫ টি জেলা কমপ্লেক্স নির্মাণ করা হয়েছে।২০১৫-১৬ অর্থ বৎরে আরো ২৫টি জেলা কমপ্লেক্স নির্মাণ করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৮] মুক্তিযোদ্ধাদের গেজেট প্রকাশ | [১.৮.১] প্রকাশিত গেজেট | মুক্তিযোদ্ধা ও তাঁদের উত্তরাধিকারীদের আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সংস্থা/বিভাগ/যাচাই-বাছাই কমিটি কর্তৃক যাচাই-বাছাইক্রমে প্রকৃত মুক্তিযোদ্ধাদের গেজেট প্রকাশ করা হচ্ছে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ,জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল ও বাংলাদেশ গভর্ণমেন্ট প্রেস | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৯] মুক্তিযোদ্ধাদের সনদ ও প্রত্যয়ন সংক্রান্ত আবেদন নিস্পত্তিকরণ | [১.৯.১] সনদ প্রত্যয়নের আবেদন নিস্পত্তি | মুক্তিযোদ্ধা ও তাঁদের উত্তরাধিকারীদের আবেদনের প্রেক্ষিতে যাচাই-বাছাইক্রমে তালিকায় ঘোষিত মুক্তিযোদ্ধাদের প্রত্যয়ন করা হচ্ছে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| | [১.৯.২] সনদ প্রদানের আবেদন নিস্পত্তি | মুক্তিযোদ্ধা ও তাঁদের উত্তরাধিকারীদের আবেদনের প্রেক্ষিতে যাচাই-বাছাইক্রমে তালিকায় ঘোষিত মুক্তিযোদ্ধাদের সনদ প্রদান করা হচ্ছে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.১০] বঙ্গবন্ধু শিক্ষাবৃত্তি প্রদান | [১.১০.১] বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের নিজস্ব অর্থায়নে মুক্তিযোদ্ধার সন্তান / প্রজন্মের উচ্চশিক্ষায় আর্থিক সহায়তা প্রদানের জন্য মেধাভিত্তিতে ৯৮১ জন শিক্ষার্থীকে "বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি" প্রদান করা হয়েছে। এছাড়া প্রতিবৎসর শিক্ষার্থীর সংখ্যা ৬৫০ জন হারে বৃদ্ধি করা হচ্ছে। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.১১] বামুস সনদের ভিত্তিতে ঘোষিত মুক্তিযোদ্ধাদের নাম ডাটাবেইজকরণ; | [১.১১.১] ডাটাবেইজকৃত মুক্তিযোদ্ধা | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিস্বাক্ষরিত বামুস সনদের ভিত্তিতে মুক্তিযোদ্ধাদের ডাটাবেইজ প্রস্তুত করা হচ্ছে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-এর বার্ষিক প্রতিবেদন | |
| [১.১২]যুদ্ধাহতমুক্তিযোদ্ধাদেরস্মার্ট আইডি কার্ড প্রদান | [১.১২.১] প্রদানকৃত আইডি কার্ড | যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের প্রাপ্য যাবতীয় সুযোগ-সুবিধাদি প্রদান সহজীকরণের লক্ষ্যে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় যৌথভাবে স্মার্ট কার্ড প্রস্তুত করে তা যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের মধ্যে বিতরণ করে থাকে। গত ২ বৎসরে ৩০০ জন যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের মধ্যে স্মার্ট কার্ড বিতরন করা হয়েছে। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [২.১] মুক্তিযুদ্ধের স্মৃতি / স্মারক চিহ্ন জাদুঘরে প্রদর্শন ও মুক্তিযুদ্ধের ইতিহাস অবহিতকরণ | [২.১.১] জাদুঘর পরিদর্শিত ব্যক্তি | মহান মুক্তিযুদ্ধের ইতিহাস ও স্মৃতি সংরক্ষণের জন্য ১৯৯৬ সালে মুক্তিযুদ্ধ জাদুঘর প্রতিষ্ঠিত হয়। বিগত ৩ বৎসরে প্রায় ৭৫ হাজার দর্শক মুক্তিযুদ্ধ জাদুঘর পরিদর্শন করেছেন। তাঁদেরকে মুক্তিযুদ্ধের ইতিহাস সম্পর্কে অবহিত করা হয়েছে। | মুক্তিযুদ্ধ জাদুঘর ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | মুক্তিযুদ্ধ জাদুঘর ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-এর বার্ষিক প্রতিবেদন | |
| | [২.১.২] নির্মিত ডকুমেন্টারি ফিল্ম | মহান মুক্তিযুদ্ধের ইতিহাস সম্পর্কে তথ্যচিত্র নির্মাণ করা হয়েছে । এ পর্যন্ত ৮ টি ডকুমেন্টারি ফিল্ম নির্মাণ করা হয়েছে এবং জনসাধারণকে প্রদর্শন করা হচ্ছে । | মুক্তিযুদ্ধ জাদুঘর ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | মুক্তিযুদ্ধ জাদুঘর ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-এর বার্ষিক প্রতিবেদন | |
| [২.২] মুক্তিযুদ্ধের স্মৃতি চিহ্ন প্রদর্শন ও মুক্তিযুদ্ধের ইতিহাস অবহিতকরণ | [২.২.১] জল্লাদখানা বধ্যভূমি স্মৃতিপীঠ পরিদর্শিত ব্যক্তি | ১৯৭১ সালে মুক্তিযুদ্ধকালে মিরপুর পাম্প হাউসে ইতিহাসের জঘন্যতম গণহত্যা সংঘটিত হয়। উক্তস্থানটি " জল্লাদখানা বধ্যভূমি স্মৃতিপীঠ" নামে পরিচিত । জল্লাদখানা বধ্যভূমি স্মৃতিপীঠ শহীদ পরিবারের সদস্যদের নিয়ে নতুন প্রজন্মের শিক্ষার্থীদের মুক্তিযুদ্ধের ইতিহাস অবহিত করা হয়।৩ বৎসরে প্রায় ৬৫ হাজার দর্শনার্থী স্থানটি পরিদর্শন করেছেন। তাঁদেরকে মুক্তিযুদ্ধের ইতিহাস সম্পর্কে অবহিত করা হয়েছে। | মুক্তিযুদ্ধ জাদুঘর ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | মুক্তিযুদ্ধ জাদুঘর ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-এর বার্ষিক প্রতিবেদন | |
| [২.৩] মুক্তিযুদ্ধের স্মৃতিস্তম্ভ নির্মাণ | [২.৩.১] নির্মিত স্মৃতিস্তম্ভ | মুক্তিযুদ্ধের বধ্যভূমি/গণকবর,সম্মুখ সমরের স্থানসমূহ সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণের জন্য প্রকল্প গ্রহণের মাধ্যমে স্মৃতিস্তম্ভ নির্মাণ করা হচ্ছে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-এর বার্ষিক প্রতিবেদন | |
| [৩.১] নতুন প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধের ইতিহাস তুলে ধরার জন্য মুক্তিযুদ্ধ ভিত্তিক ডকুমেন্টরি ফিল্ম প্রদর্শনী। | [৩.১.১] প্রামান্যচিত্র প্রদর্শনী | শিক্ষা কর্মসূচির আওতায় ঢাকা মহানগরীর স্কুল ও মাদ্রাসার শিক্ষার্থীদের বাসযোগে জাদুঘরে এনে প্রথমে ২২ মিনিটের মুক্তিযুদ্ধের উপর নির্মিত প্রামাণ্যচিত্র দেখানো হয়। তারপর ২০/25 জনের গ্রুপ করে মূল জাদুঘর পরিদর্শন করানো হয়। এভাবে মুক্তিযুদ্ধের ইতিহাস সম্পর্কে শিক্ষার্থীদের ধারণা দেয়া হয়। | মুক্তিযুদ্ধ জাদুঘর ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | মুক্তিযুদ্ধ জাদুঘর ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-এর বার্ষিক প্রতিবেদন | |
| | [৩.১.২] ভ্রাম্যমান জাদুঘর প্রদর্শনী | মুক্তিযুদ্ধ জাদুঘরের ২ টি ভ্রাম্যমাণ জাদুঘর বাস রয়েছে। এ ২টি ভ্রাম্যমান জাদুঘর বাস জেলা/উপজেলা পর্যায়ে স্কুল, কলেজ ও মাদ্রাসায় প্রদর্শনের আয়োজন করা হয়।প্রাক্ যোগাযোগের মাধ্যমে প্রদর্শনের জন্য তারিখ ও সময় নির্ধারণ করা হয়। ধার্য তারিখে শিক্ষা প্রতিষ্ঠানে গিয়ে এসেম্বলীর সময় শিক্ষার্থীদের মুক্তিযুদ্ধের বিষয় অবহিত করা হয়। গত ৩ বৎসরে দেশব্যাপী ২৩০ টি শিক্ষা প্রতিষ্ঠান ও জনসমাগমস্থলে প্রদর্শন করা হয়েছে । | মুক্তিযুদ্ধ জাদুঘর ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | মুক্তিযুদ্ধ জাদুঘর ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-এর বার্ষিক প্রতিবেদন | |
| [৩.২] নতুন প্রজন্মের জন্য মুক্তির উৎসবের আয়োজন | [৩.২.১] অংশগ্রহণকারী শিক্ষার্থী | শিক্ষা কর্মসূচির আওতায় ঢাকা মহানগরীর স্কুল,কলেজ ও মাদ্রাসার শিক্ষার্থী এবং জাদুঘর পরিদর্শনকারীদের নিয়ে প্রতি বৎসর ঢাকা বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠে মুক্তির উৎসব আয়োজন করা হয়। মুক্তির উৎসবে দেশের বুদ্ধিজীবী, মুক্তিযোদ্ধা,সংস্কৃতিব্যক্তিত্ব ও বরেণ্য ব্যক্তিত্ব আলোচনায় অংশগ্রহণ করে থাকেন। শিক্ষার্থীদের দেশ গড়ার শপথে উদ্বুদ্ধ করার লক্ষ্যে মুক্তিযুদ্ধ জাদুঘর গত ৩ বৎসরে ৩টি মুক্তির উৎসবের আয়োজন করে । এতে প্রায় ৩০ হাজার শিক্ষার্থী অংশগ্রহণ করে। | মুক্তিযুদ্ধ জাদুঘর ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | মুক্তিযুদ্ধ জাদুঘর ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-এর বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [৩.৩] জেলা ও বিভাগীয় শিক্ষক সম্মেলন আয়োজন | [৩.৩.১] অংশগ্রহণকারী | জেলা/উপজেলা পর্যায়ে যে সকল স্কুল, কলেজ ও মাদ্রাসায় জাদুঘর প্রদর্শনী করা হয়েছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠান থেকে ১জন নেটওয়ার্ক শিক্ষক নির্বাচন করা হয়। নেটওয়ার্ক শিক্ষকদের নিয়ে প্রতি তিন মাস অন্তর কর্মসূচিকে আরো বেগবান করার জন্য শিক্ষক সম্মিলনীর আয়োজন করে থাকে। উপস্থিত নেটওয়ার্ক শিক্ষকদের কর্মসূচির বিষয় ও মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস নতুন প্রজন্মকে অবহিত করার বিষয়ে আলোচনা করা হয়। মুক্তিযুদ্ধের আদর্শ ও চেতনা জাগরণ এবং দেশাত্ববোধ শক্তিশালীকরণার্থে মুক্তিযুদ্ধ জাদুঘর গত ৩ বছরে ১২ টি শিক্ষক সম্মেলন করে। এতে প্রায় ৪৫০ জন শিক্ষক অংশগ্রহণ করেন এবং ৫ টি বিভাগীয় সম্মেলনে প্রায় ১০০০ জন শিক্ষক ও শিক্ষার্থী অংশগ্রহণ করেন। | মুক্তিযুদ্ধ জাদুঘর ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | মুক্তিযুদ্ধ জাদুঘর ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-এর বার্ষিক প্রতিবেদন | |
| [৩.৪] জাতীয় ও আর্ন্তজাতিক সেমিনার/ ওয়ার্কসপ আয়োজন | [৩.৪.১] অংশগ্রহণকারী | মুক্তিযুদ্ধের আদর্শ ও চেতনা জাগরন এবং দেশাত্ববোধ শক্তিশালীকরণার্থে মুক্তিযুদ্ধ জাদুঘর জাতীয় ও ১টি আন্তর্জাতিক সেমিনার/কর্মশালা আয়োজন করেছে। এতে প্রায় ৫০০ দেশী ও বিদেশী ব্যক্তি অংশগ্রহণ করে। | মুক্তিযুদ্ধ জাদুঘর ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | মুক্তিযুদ্ধ জাদুঘর ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-এর বার্ষিক প্রতিবেদন | |
| [৩.৫] মুক্তিযুদ্ধভিত্তিক সংগঠনসমূহের নিবন্ধন ও পরিবীক্ষণ | [৩.৫.১] নিবন্ধিত ও পরিবীক্ষিত সংগঠন | মুক্তিযোদ্ধা বা তাঁদের পোষ্যদের সমন্বয়ে গঠিত মুক্তিযুদ্ধ ভিত্তিক কোন সংগঠনের আবেদনের পরিপ্রেক্ষিতে সংগঠন নিবন্ধন বিধিমালা অনুসারে সংশ্লিষ্ট তথ্যাদি যাচাই-বাছাইক্রমে জামুকা কর্তৃক মুক্তিযুদ্ধ ভিত্তিক সংগঠনের নিবন্ধন করা হয় ও নিবন্ধিত সংগঠন সমূহ জামুকা কর্তৃক নিয়মিত পরিদর্শন করা হয়। গত ২ বৎসরে ৪৩ টি মুক্তিযুদ্ধ ভিত্তিক সংগঠন নিবন্ধন ও পরিবীক্ষণ করা হয়েছে। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল-এর বার্ষিক প্রতিবেদন। | |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পুরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| বিভাগ | মন্ত্রিপরিষদ বিভাগ | সুবিধাপ্রাপ্ত ব্যক্তি | বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বিতরণ নীতিমালা,২০১৩ অনুযায়ী ভাতা বিতরণযোগ্য মুক্তিযোদ্ধাদের তালিকা প্রেরণ ও সুষ্ঠুভাবে ভাতা বিতরণ | নীতিমালা অনুযায়ী জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসন ভাতা বিতরণযোগ্য মুক্তিযোদ্ধাদের তালিকা প্রেরণ ও ভাতা বিতরণের কাজ সম্পন্ন করে থাকে। যেহেতু জেলা প্রশাসনকে মন্ত্রিপরিষদ বিভাগ সরাসরি নিয়ন্ত্রণ করে থাকে সেহেতু মন্ত্রিপরিষদ বিভাগের নিকট পরোক্ষভাবে এরূপ চাহিদার যৌক্তিকতা। | ৩০% | ভাতা প্রদানে অনিশ্চয়তা দেখা দিবে। |
| বিভাগ | স্থানীয় সরকার বিভাগ | নির্মিত স্মৃতিস্তম্ভ ,নির্মিত বাসস্থান ,নির্মিত উপজেলা কমপ্লেক্স | সংশ্লিষ্ট ডিপিপি অনুযায়ী নির্মাণ কাজ বাস্তবায়ন | এলজিইডি-এর মাধ্যমে কর্মসম্পাদন সূচকসমূহ বাস্তবায়িত হয়ে থাকে। যেহেতু এলজিইডি স্থানীয় সরকার বিভাগের অধীনস্থ সেহেতু এরূপ চাহিদার যৌক্তিকতা। | ৫০% | অসচ্ছল ও ভূমিহীন মুক্তিযোদ্ধদের বসবাসে বিঘ্ন সৃষ্টি হবে। |
| মন্ত্রণালয় | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | নির্মিত জেলা কমপ্লেক্স | সংশ্লিষ্ট ডিপিপি অনুযায়ী নির্মাণ কাজ বাস্তবায়ন | পিডাব্লিউডি-এর মাধ্যমে কর্মসম্পাদন সূচকটি বাস্তবায়িত হয়ে থাকে। যেহেতু পিডাব্লিউডি গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনস্থ সেহেতু এরূপ চাহিদার যৌক্তিকতা। | ৫০% | মুক্তিযোদ্ধাদের আবাসন ব্যবস্থার অনিশ্চয়তা দেখা দিবে। |
| বিভাগ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | সুবিধাপ্রাপ্ত ব্যক্তি | মুক্তিযোদ্ধা ও তাদেঁর সন্তান-সন্ততিদের মাঝে আত্ম-কর্মসংস্থানের জন্য নীতিমালা অনুযায়ী ক্ষুদ্রঋণ বিতরণ। | এ মন্ত্রণালয়ের সাথে বিআরডিবির মুক্তিযোদ্ধা ও তাদেঁর সন্তান-সন্ততিদের মাঝে আত্ম-কর্মসংস্থানের জন্য নীতিমালা অনুযায়ী ক্ষুদ্রঋণ বিতরণের সমঝোতা স্মারক রয়েছে।যেহেতু বিআরডিবি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীনস্থ সেহেতু এরূপ চাহিদার যৌক্তিকতা। | ৪০% | মুক্তিযোদ্ধ ও তাদেঁর সন্তান-সন্ততিদের আত্ম-কর্মসংস্থানে অনিশ্চয়তা দেখা দিবে। |
| মন্ত্রণালয় | সমাজকল্যাণ মন্ত্রণালয় | সুবিধাপ্রাপ্ত ব্যক্তি | বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বিতরণ নীতিমালা,২০১৩ অনুযায়ী ভাতা বরাদ্দপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের মাঝে সুষ্ঠুভাবে ভাতা বিতরণ | নীতিমালা অনুযায়ী সম্মানীভাতা প্রাপ্য ব্যক্তিদের মাঝে সমাজসেবা অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের মাধ্যমে ভাতা বিতরণ করা হয়ে থাকে। আর যেহেতু সমাজসেবা অধিদপ্তর সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ সেহেতু এরূপ চাহিদার যৌক্তিকতা। | ৪০% | ভাতা প্রদানে অনিশ্চয়তা দেখা দিবে। |